গাংনীতে পোড়ানো হলো অপ্রয়োজনীয় দেড়লাখ লেমিনেটেড এনআইডি কার্ড

স্মার্ট কার্ড প্রদান করায় মেহেরপুরের গাংনী উপজেলায় অপ্রয়োজনীয় হয়ে পড়ে অন্তত দেড়লাখ পেপার লেমিনেডেট এনআইডি কার্ড। জাতীয় নির্বাচন কমিশনের আদেশে পুড়িয়ে ফেলা হয়েছে অপ্রয়োজনীয় ওই কার্ডগুলি ।

জাতীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্তে এগুলো পোড়ানোর সিদ্ধান্ত গ্রহণ করেন উপজেলা নির্বাচন অফিস। সে অনুযায়ি বৃহষ্পতিবার বিকেলে একটি কমিটি গঠন সাপেক্ষে উপজেলা চত্ত্বরে এনআইডি কার্ড পোড়ানো হয়।

গাংনী উপজেলা নির্বাচন অফিসার আব্দুল আজিজ জানান, সরকারী সিদ্ধান্ত অনুযায়ি স্মাট কার্ড প্রদান করার পর পেপার লেমিনেটেড আইডি কার্ড জমা রাখা হয়। এগুলোর ভবিষ্যত নির্ধারণীর জন্য জাতীয় নির্বাচন কমিশনে চিঠি দেয়ার পর আইডি কার্ডগুলো পুড়িয়ে ফেলার সিদ্ধান্ত দিয়ে চিঠি দেন।

সে অনুযায়ি একটি কমিটি গঠণ সাপেক্ষে এগুলো পোড়ানো হয়। তিনি আরো বলেন, উপজেলার ৯টি ইউনিয়নের দেড় লাখ মানুষের স্মার্টকার্ড প্রদান করা হয়। নিয়মানুযায়ী লেমিনেটেড এনআইডি কার্ড জমা রাখা হয়েছিল। সেগুলি মানুষের আর প্রয়োজন নেই তাই এগুলি জ্বালিয়ে দেয়া হলো।

কমিটির সদস্যরা হলেন- উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাচন অফিসার, জনস্বাস্থ্য প্রকৌশলী, উপজেলা বন বিভাগ ও গাংনী থানা। ৫সদস্য কমিটির উপস্থিতিতে আগুনে জ্বালিয়ে অপ্রয়োজনীয় এনআইডি কার্ড ধ্বংস করা হয়।

ব্যাংক এশিয়া লিঃ বামন্দী শাখার উদ্যোগে শীত বস্ত্র বিতরণ

মেহেরপুরে দুঃস্থ ও শীতার্থদের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার বিকেলে ব্যাংক এশিয়া লিঃ বামন্দী শাখার উদ্যোগে ব্যাংক কার্যালয়ে এলাকার দেড়শত দুঃস্থদের মাঝে শীত বস্ত্র বিতরন করা হয়।

ব্যাংক এশিয়ার ১২৪তম শাখার শাখা ব্যবস্থাপক জিয়াউর রহমান জানিয়েছেন, ব্যাংক এশিয়া তার গ্রাহকদের সেবার পাশাপাশি এলাকার অসহায় মানুষদেরও পাশে দাঁড়াতে চাই। তারই ধারাবাহিকতায় এ এলাকার দুঃস্থ মানুষদের মাঝে শীত বস্ত্র বিতরন করা হয়েছে। তিনি আরো বলেন, শুধু ব্যাংক এশিয়া নই, শীতার্থ মানুষের পাশে দাঁড়াতে সমাজের বিত্তবাদেরও আহবান জানান।

এসময় উপস্থিত ছিলেন, বামন্দী বাজার কমিটির সভাপতি আব্দুল আওয়াল বিশ^◌াস, সাবেক চেয়ারম্যান শহিদুল ইসলাম,বীর মুক্তিযোদ্ধা, চিকিৎসক ও সাংবাদিক নুরুল হুদা, বিশিষ্ট্য ব্যবসায়ী ও পশু চিকৎসক ইউসুফ আলী, ব্যবসায়ী মফিজুল হক লাল্টু সহ ব্যাংকটিতে কর্মরত কর্মকর্তারা।

মেহেরপুরে ইউপি নির্বাচনে নবনির্বাচিত চেয়ারম্যানদের শপথ গ্রহণ অনুষ্ঠিত

২০২১ সালের দ্বিতীয় ধাপে ইউনিয়ন পরিষদ সাধারন নির্বাচনের গাংনী ও মুজিবনগর উপজেলার নবনির্বাচিত চেয়ারম্যান গনের শপথ গ্রহণ অনুষ্ঠিত। বৃহস্পতিবার দুপুর সাড়ে বারোটার সময় জেলা প্রশাসক

সম্মেলন কক্ষে শপথগ্রহণ পাঠ করান জেলা প্রশাসক ডঃ মোহাম্মদ মনসুর আলম খান।
এসময় শপথ গ্রহণ করলেন মুজিবনগর উপজেলার নবনির্বাচিত বাগোয়ান ইউপি চেয়ারম্যান আইয়ুব হোসেন, দারিয়াপুর ইউপি চেয়ারম্যান মাহবুব আলম রবি, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান মফিজ, মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলু, গাংনী উপজেলার পাঁচটি ইউনিয়নের নবাগত কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা, সাহারবাটি ইউপি চেয়ারম্যান মশিউর রহমান, বামুন্দি ইউপি চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল, তেতুলবাড়িয়া ইউপি চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস, মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহমেদ। নবাগত চেয়ারম্যান শপথগ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্থানীয় সরকারের উপ-পরিচালক মৃধা মোঃ মোজাহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক সহ রাজনৈতিক ব্যক্তিরা। পরে ৯ টি ইউনিয়নের নবনির্বাচিত চেয়ারম্যানগন শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে মুজিবনগর স্মৃতিসৌধের পুষ্পমাল্য অর্পণ করেন।

মুজিবনগরে ওয়াশ ইন ইন্সটিটিউশন প্রকল্প সমাপনী কর্মশালা

মুজিবনগরে “ওয়াশ ইন ইন্সটিটিউশন প্রকল্প”এর সমাপনী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ওয়াটার এইড বাংলাদেশ এর সহযোগীতায় সমাজ কল্যান সংস্থা ঝকঝ ফাউন্ডেশন এর বাস্তবায়নে ২০১৭ সালের জুলায় মাসে মেহেরপুর জেলার ৩ টি উপজেলায় ওয়াশ ইন ইন্সটিটিউশন প্রকল্পের আওতায়, প্রাতিষ্ঠানিক পর্যায়ে ওয়াশ ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে শিক্ষার্থীদের স্বাস্থ্য সুরক্ষা ও জনস্বাস্থ্য সেবা গ্রহণে অধিগম্যতা বৃদ্ধি। কমিউনিটি ক্লিনিকের পানি, পায়খানা ও স্বাস্থ্যবিধি পরিস্থিতির উন্নয়ন ।
কমিউনিটি ক্লিনিকের স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে স্বাস্থ্যসেবার প্রবেশাধিকার নিশ্চিত করা। কারিগরি ও আর্থিক সহযোগিতার মাধ্যমে ইউনিয়ন পরিষদের স্যানিটেশন বিষয়ে সক্ষমতা বাড়ানো। স্কুলগুলিতে অন্তর্ভুক্তিমূলক নিরাপদ পানি, পায়খানা এবং

স্বাস্থ্যবিধি অনুশীলন সুবিধাগুলিতে প্রবেশ নিশ্চিত করা। শিক্ষার্থীদের মধ্যে স্বাস্থ্যবিধি অনুশীলন, বিশেষ করে হাত ধোঁয়া এবং মাসিক স্বাস্থ্যবিধি উন্নত করার প্রচারণা। ওয়াশ ইন স্কুল এবং ওয়াশ ইন হেল্থ প্রকল্পের সকল সুবিধাগুলি নিশ্চিত ও বজায় রাখার জন্য সক্রিয় ভূমিকা পালনের মাধ্যমে সংশ্লিষ্ট অংশীজনের কর্মশক্তি এবং ক্ষমতার বিকাশ ঘটানো।
কোভিড-১৯ প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধি বিষয়ক প্রচারণার। লক্ষ্য এবং উদ্দেশ্য নিয়ে কাজ শুরু করে এবং ২০২১ সালের ডিসেম্বরে এই প্রকল্পের মেয়াদ শেষ উপলক্ষে গত মঙ্গলবার দুপুরে মুজিবনগর উপজেলা পরিষদ মিলনায়তনে সমাপনী কর্মশালার আয়োজন করা হয়।
সমাপনী কর্মশালায় ঝকঝ এর এসিস্ট্যান্ট ডাইরেক্টর (প্রোগ্রাম) পলাশ কুণ্ড সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: মোঃ মুজিবুর রহমান, মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হাসান মিলু, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আইয়ুব হোসেন, উপজেলার সুপারভাইজার (এডুকেশন) হাসনাইন কবির।
উপস্থিত ছিলেন ঝকঝ এর অ্যাক্টিং প্রজেক্ট কো-অর্ডিনেটর বাসুদেব চন্দ্র সরকার ঝকঝ এর (চঙ-ঝগ) প্রকাশ কুমার বিশ্বাস,চউ-ঐচ শারমিন বেগম,ইন্টারনাল অডিটর সিরাজুল ইসলাম।
উপস্থিত ছিলেন উপজেলা চারটি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিসার, উপজেলা কমিউনিটি ক্লিনিকের সভাপতি সাধারণ সম্পাদকবৃন্দ।
প্রকল্প সমাপনী কর্মশালায় প্রকল্প চলাকালীন সময়ে, প্রকল্প সহায়তা, কমিউনিটি ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের অংশগ্রহণ, প্রকল্পের গুরুত্বপূর্ণ অর্জন সমূহ, প্রকল্পে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহের ইতিবাচক পরিবর্তন, চ্যালেঞ্জ সমূহ, শিখুন সমূহ গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের প্রকল্প পরিদর্শন, কমিউনিটি ক্লিনিকের মিডিয়া রিপোর্ট, বিষয়ে প্রকল্পের সফলতা ব্যর্থতা তুলে ধরে বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়।

মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও মানবিক মূল্যবোধ বিষয়ক রচনা প্রতিযোগীতায় বিজয়ী মেহেরপুরের রিফা

মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও মানবিক মূল্যবোধ বিষয়ক রচনা প্রতিযোগীতায় জাতীয় পর্যায়ে বিজয়ী হয়েছে মেহেরপুরের তাওহিদা রিফা।
তাওহিদা রিফা মেহেরপুরের জিনিয়াস ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের ১০ম শ্রেণীর শিক্ষার্থী। সে শহরের বোস পাড়ার তবিয়ত তাওহিদ ও হাসিবা খাতুন দম্পত্তির কন্যা।
গত মঙ্গলবার কুষ্টিয়া জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জাতীয় পর্য়ায়ে বিজয়ী হওয়ায় তাকে পুরস্কার ও মেডেল দেওয়া হয়। কুষ্টিয়া জেলা প্রশাসক সাইদুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনার অতিরিক্ত বিভাগীয় কমিশনার আব্দুর রশিদ। জাতীয় মানবাধিকার কমিশন আয়োজিত ‘মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও মানবিক মূল্যবোধ’ বিষয়ক রচনা প্রতিযোগীতায় তাওহিদা রিফা উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে বিজয়ী হয়ে জাতীয় পর্যায়ে অংশ নেয়। সেখানে সেরা ১০ বিজয়ীর অন্যতম হিসেবে বিজয়ী হয়। এ হিসেবে দুই বছর প্রতিমাসে দুই হাজার টাকা করে বৃত্তি দেওয়া হবে জাতীয় পর্যায়ের বিজয়ীদের।

মুজিবনগরে ইউনিয়ন পরিষদ নির্বাচনে নবনির্বাচিত সদস্যদের শপথ গ্রহণ

মুজিবনগর উপজেলার ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০২১ এ নবনির্বাচিত সদস্যদের শপথ গ্রহণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে,শপথ গ্রহন উপলক্ষে বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে মুজিবনগর উপজেলা অডিটরিয়ামে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। শপথ গ্রহণ অনুষ্ঠানে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা,উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব।

গত ১১ নভেম্বর মুজিবনগর উপজেলার বাগোয়ান, মোনাখালী, মহাজনপুর ও দারিয়াপুর ৪টি ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়।
চারটি ইউনিয়নে নির্বাচিত ২৮ জন সদস্যকে উপজেলা নির্বাহি অফিসার সুজন সরকার শপথ বাক্য পাঠ করান।
নবনির্বাচিত ইউপি সদস্যগন শপথ বাক্যে দৃঢ়ভাবে ঘোষণা করে যে, তারা ভীতি বা অনুগ্রহ, অনুরাগ বা বিরাগের বশবর্তী না হইয়া সকলের প্রতি আইন অনুযায়ী এবং সততা, নিষ্ঠা ও বিশ্বস্ততার সহিত তার পদের দায়িত্ব ও কর্তব্য পালন করিবে এবং বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিবে।

গাংনীতে নবনির্বাচিত মেম্বারদের শপথ গ্রহন

মেহেরপুরের গাংনী উপজেলায় অনুষ্ঠিত দ্বিতীয় ধাপের ইউনিয়ন পরিষদ নির্বাচনে ৫টি ইউনিয়ন পরিষদের নব নির্বাচিত সদস্য ও সংরক্ষিত মহিলা আসনের সদস্যগণের শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়েছে।
আজ বুধবার বেলা ১২ টার সময় গাংনী উপজেলা সভাকক্ষে শপথ গ্রহণ অনুষ্ঠানের আয়োজন করে উপজেলা প্রশাসন। উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম উপস্থিত নির্বাচিত এসকল জন প্রতিনিধিদের লিখিত শপথ বাক্য পাঠ করান। ইউনিয়ন ৫টি হচ্ছে,কাথুলী,সাহারবাটি,তেতুলবাড়িয়া,মটমুড়া ও বামুন্দি।
শপথ গ্রহণ অনুষ্ঠানে নির্বাচিত মেম্বার ও সংরক্ষিত মহিলা মেম্বারগণ এবং গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসার ও স্থানীয় সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পূর্ব শত্রুতার জেরে যুবককে ছুরিকাঘাত

মেহেরপুরে পূর্ব শত্রুতার জের ধরে জহরুল ইসলাম নামের এক যুবককে ছুরিকাঘাত করা হয়েছে। মঙ্গলবার সন্ধ্যার দিকে শহরের ঘোষপাড়ায় এ ঘটনা ঘটে।

আহত জহুরুল ইসলাম ঘোষপাড়ার রফিকুল ইসলামের ছেলে। জহুরুলকে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

জানা গেছে বেশ কিছুদিন পূর্বে একই এলাকার খোকনের ছেলে পারভেজের সাথে জহুরুল এর মধ্যে কথা-কাটাকাটির জের ধরে মারামারির ঘটনা ঘটে।

ওই ঘটনার জের ধরে মঙ্গলবার সন্ধ্যার দিকে আবার ও জহিরুলের সাথে পারভেজের কথা কাটাকাটি হয়। কথা কাটাকাটির এক পর্যায়ে পারভেজ ছুরি দিয়ে জহিরুলকে আঘাত করে রক্তাক্ত জখম করে।

স্থানীয়রা জহিরুলকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে।

মেহেরপুর থিয়েটারের প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠান

মেহেরপুরে মেহেরপুর থিয়েটারের ২৪ তম প্রতিষ্ঠা বার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

মঙ্গলবার সন্ধ্যা ৭ টার সময় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর মিলনায়তনে এই আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর থিয়েটারের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেকের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন,জেলা আওয়ামী লীগের যুগ্ন আহবায়ক অ্যাডভোকেট ইব্রাহিম শাহিন,পিপি পল্লব ভট্টাচার্য,মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইদুর রহমান,সহ-সভাপতি নুরুল আহমেদ,অরণি থিয়েটারের আহবায়ক নিশান সাবের, শিক্ষক জানে আলম সহ প্রমুখ।

মেহেরপুর থিয়েটারের শিল্পীরা দর্শকদের মাঝে সংগীত, নৃত্য ও কবিতা পরিবেশন করে তাদের মুগ্ধ করে তোলে।

মেহেরপুরে আনসার ও প্রতিরক্ষা বাহিনীর সমাবেশ অনুষ্ঠিত

মেহেরপুরে আনসার ও প্রতিরক্ষা বাহিনীর জেলা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকালের দিকে মেহেরপুর জেলা আনসার ভিডিপি অফিস প্রাঙ্গণে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী মেহেরপুর জেলা সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুরে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে জেলা সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী খুলনা রেঞ্জের পরিচালক মোল্লা আমজাদ হোসেন পিএএমএস, পুলিশ সুপার মোঃ রাফিউল আলম।

মেহেরপুর সদর উপজেলা আমসার কর্মকর্তা মোঃ ইসরাফীল হোসেনের সঞ্চালনায়

স্বাগত বক্তব্য রাখেন মেহেরপুর জেলা কমান্ড্যান্ট রাকিবুল ইসলাম।

সমাবেশে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ইউনিয়ন দলনেতা জামিরুল ইসলাম, দলনেত্রী মৌসুমি খাতুন। পরে আনসার-ভিডিপিতে বিশেষ অবদান রাখায় ৯ জনকে সাইকেল, ৪ জনকে সেলাই মেশিন, ২০ জনকে ছাতা প্রদান করার পাশাপাশি ১৫০ জনকে শুভেচ্ছা উপহার প্রদান করা হয়। জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন সাইকেল ও সেলাই মেশিন তুলে দেন।